



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 6
Class - 2

Subject : Bengali Text
Topic : আমাদের দেশ

Date : 09.06.2020

১) একই অর্থের শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে পাশে লেখো।
(বিরাট, আপনজন, বুনো, মজার ব্যাপার, হাঁটু জলে)

- ক) বনের — বুনো।
খ) হাঁটু সমান উঁচু জলের মধ্যে — হাঁটু জলে।
গ) কৌতুক ও আনন্দের ঘটনা — মজার ব্যাপার।
ঘ) অনেক বড়ো — বিরাট।
ঙ) আত্মীয়-স্বজন — আপনজন।

২) বিপরীত শব্দ লেখো।

শব্দ	বিপরীত শব্দ
ক) গ্রাম	শহর
খ) বেশী	কম
গ) আপন	পর
ঘ) শেষ	প্রথম
ঙ) দুঃখ	সুখ

৩) শূন্যস্থান পূরণ কর।

- ক) ভারতবর্ষের মতো এমন সুন্দর দেশ পৃথিবীতে খুব কমই আছে।
খ) প্রায় লক্ষ গ্রাম আছে সমস্ত ভারতে।
গ) বাড়ি ফিরে যাওয়ার সময় সুজয় কেঁদে ভাসিয়েছিল।
ঘ) সুজয়ের দশ বছরের জীবনে এত আনন্দ সে কখনো পায়নি।
ঙ) সুজয়ের গ্রামের বাড়ি বর্ধমান জেলায়।

৪) একটি বাক্যে উত্তর দাও।

- ক) জন্মকাল থেকেই সুজয় কোথায় থাকে?
উঃ জন্মকাল থেকেই সুজয় কলকাতায় থাকে।
খ) সুজয় কী উপলক্ষে দেশের বাড়িতে গিয়েছিল?
উঃ সুজয় দিদির বিয়ে উপলক্ষে দেশের বাড়িতে গিয়েছিল।
গ) কলকাতা থেকে কত কিলোমিটার দূরে সুজয়ের গ্রামের বাড়ি?
উঃ কলকাতা থেকে আশি কিলোমিটার দূরে সুজয়ের গ্রামের বাড়ি।
ঘ) কয়েকটি রাজ্য মিলে কি হয়?
উঃ কয়েকটি রাজ্য মিলে হয় একটি দেশ।
ঙ) একপাল ছেলে কোথায় মাছ ধরছিল?
উঃ রেল লাইনের ধারে একটি সরু খালের হাঁটু জলে একপাল ছেলে মাছ ধরছিল।

Rita Das